গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫৮.২৬.৯২

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: রীচ কটন এ্যাপারেলস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে 'আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯' অনুযায়ী ৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির সুপারিশপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: আবেদন পত্র নং-১৩১৩, তারিখঃ ১৪/১০/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রীচ কটন এ্যাপারেলস লিমিটেড, অফিসঃ হাউজ-৫৭৭, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক কারখানাটি বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা আরএমজি/ইএক্সপি ০০০৯৮১-২২, তারিখঃ ১৩/০৬/২০২২ খ্রিঃ এবং শিল্প উপখাতঃ তৈরী পোশাক (নীট ও ওভেন)। কারখানার অনুকূলে শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৭৩১৩২২, তারিখঃ ০৩/১১/২০২৫। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের কারখানার অনুকূলে শিল্প আই আর সি জারির সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ত্ব অপরিবর্তিত রেখে শিল্প আই আর সি জারির সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উল্লেখ্য যে, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক 'আমদানি নীতি আদেশ ২০২৬-২০২৯' জারিকৃত হওয়ায় উক্ত আদেশের চতুর্থ অধ্যায়ের অনুচ্ছেদ ২৩(খ) মোতাবেক পোষক কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ৫ (পাঁচ) বৎসর মেয়াদে শিল্প আমদানি নিবন্ধন সনদ (শিল্প আইআরসি) ইস্যুর বিধান রয়েছে।

৩। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে রীচ কটন এ্যাপারেলস লিমিটেড নামক বস্ত্র শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে ষান্মাসিক ও বার্ষিক আমদানি স্বত্ত্ব অপরিবর্তিত রেখে (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য সংক্রান্ত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে) ৫ (পাঁচ) বছর মেয়াদে শিল্প আইআরসি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৪। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

২৯-১০-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (ওয়ানস্টপ সার্ভিস সেন্টার)

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫৮.২৬.৯২/১ (৫)

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ২৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর,, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

২। কমিশনার,, কাস্টমস হাউস, ঢাকা।

৩। ব্যবস্থাপনা পরিচালক, রীচ কটন এ্যাপারেলস লিমিটেড, অফিসঃ হাউজ-৫৭৭, কাশিমপুর,, গাজীপুর সদর, গাজীপুর ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর।

৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অফিস, কপি।

২৯-১০-২০২৬
মোঃ আব্দুস সালাম
উপপরিচালক (কারিগরি) (ওয়ানস্টপ সার্ভিস সেন্টার)